



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০

(সংরক্ষণ শাখা, সার ব্যবস্থাপনা বিভাগ)

www.badc.gov.bd

স্মারক নং-১২.২৪৩.০১৮.০৯.২৩.০৩১.২০১৬- ২৯৮

তারিখঃ ১৬ জুলাই ২০১৮ খ্রিঃ।

যুগ্ম পরিচালক (সার)

বিএডিসি, ----- (সকল)।

**বিষয়ঃ সার ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন গুদাম/স্থাপনা ভাড়া এবং মামলা সংক্রান্ত নির্দেশনা অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সার ব্যবস্থাপনা উইং এর আওতাধীন কার্যক্রম বাস্তবায়নে অধিকতর গতিশীলতা আনয়নে নিম্নলিখিত বিষয়সমূহের প্রতি তৎপর/উদ্যোগী হওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলোঃ-

০১. যেসব গুদাম ও স্থাপনা ভাড়া দেয়া হয়েছে, অনেক ক্ষেত্রে ভাড়াটিয়া কর্তৃক নিয়মিতভাবে ভাড়া পরিশোধ করা হয় না। ফলে বকেয়া ভাড়া আদায়ের পরিমাণ ক্রমান্বয়ে বেড়েই চলেছে। বকেয়া ভাড়া আদায়ে কোন কোন দপ্তরের মাধ্যমে গৃহিত উদ্যোগ আশানুরূপ নয়। কার্যকরভাবে ভাড়া আদায় না করায় উক্ত অঞ্চলের সংশ্লিষ্ট গুদাম ও স্থাপনার অনুকূলে সদর দপ্তরেও অডিট আপত্তি উত্থাপিত হচ্ছে। ফলে বকেয়া ভাড়া আদায়ে কার্যকরভাবে প্রয়োজনীয় সকল ধরনের পদক্ষেপ/উদ্যোগ গ্রহণ করতে হবে। অন্যথায় এ সংক্রান্ত দায়-দায়িত্ব সংশ্লিষ্ট অঞ্চলের যুগ্ম পরিচালক (সার), এর উপর বর্তাবে;

০২. ভাড়াটিয়া যাতে নিয়ম বহির্ভূতভাবে বিদ্যমান স্থাপনায় পরিবর্তন/পরিবর্ধন আনয়ন অথবা অন্য যেকোন স্থাপনা নির্মাণ করতে না পারে সে জন্য ভাড়ায় প্রদানকৃত গুদাম ও স্থাপনাসমূহ নিয়মিতভাবে পরিদর্শন করে প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে দাখিল করতে হবে। ভাড়াটিয়া কর্তৃক সৃষ্ট যেকোন ধরনের অনিয়ম নিরসনে তাৎক্ষণিকভাবে পদক্ষেপ গ্রহণ করতে হবে;

০৩. ভাড়া চুক্তির মেয়াদ বৃদ্ধিপূর্বক পুনরায় নবায়নের প্রয়োজনীয়তা থাকলে গুদাম ও স্থাপনা পরিদর্শনপূর্বক সংশ্লিষ্ট ভাড়াটিয়ার ব্যাপারে মূল্যায়ন সম্বলিত মতামত সংযোজন করে যথাসময়ে নবায়ন চুক্তির প্রস্তাব প্রেরণ করতে হবে। যৌক্তিক কারণ ব্যতীত বিলম্বে নবায়ন চুক্তি প্রেরণের প্রস্তাবটি গ্রহণযোগ্য হবে না এবং অন্যথায় বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে; এবং

০৪. আপনার দপ্তরের আওতাধীন সকল ধরনের মামলার (সম্পত্তি বেহাত-বেদখল, রেকর্ড সংশোধন, বকেয়া ভাড়া আদায় এবং ভাড়াটিয়া কর্তৃক দায়েরকৃত মামলা প্রভৃতি) হালনাগাদ তথ্যাদি নথিতে সুনির্দিষ্টভাবে সংরক্ষণ করতে হবে। এছাড়া মামলার কার্যক্রম পরিচালনাপূর্বক দ্রুততার সহিত রায় সংস্থার পক্ষে আনয়নের জন্য সংশ্লিষ্ট মামলার আইনজীবীর সঙ্গে নিবিড় যোগাযোগ রক্ষা করতে হবে। ভবিষ্যতে যাতে, কোনভাবেই কোন জমি/স্থাপনা বেহাত/বেদখল না হয় সে ব্যাপারে সর্তকতা অবলম্বন করতে হবে।

(আশুতোষ লাহিড়ী)

মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা)

বিএডিসি, ঢাকা।

ফোন: ৯৫৫ ৪০১৬

Email: gm.fert.badc@gmail.com

অনুলিপিঃ

১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।

২. সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।

৩. প্রোগ্রামার (আইসিটি সেল), মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।

৪. অফিস কপি।